ভোরের কাগজ

AUG. 19 1999

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
### জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
### অধ্যক্ষের কার্যালয়, কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র
### নাসিরাবাদ, চট্টগ্রাম-৪২০৯

নং-প-২৯/৭৭২ (১০০) তারিখ : ০৩-৮-৯৯ইং/১৯-৪-১৪০৬বাং

**কোর্সের নাম : ''মাইক্রো কম্পিউটার পরিচিতি ও মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল ও ফক্স-প্রো প্যাকেজ সফটওয়ার'' ১লা সেপ্টেম্বর '৯৯ইং হইতে প্রশিক্ষণ শুরু হইবে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন এবং জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতাধীন অত্র কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রে ১৬০ ঘন্টা মেয়াদী 'মাইক্রো কম্পিউটার পরিচিতি ও মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল ও ফক্স-প্রো প্যাকেজ সফটওয়ার' কোর্সের সান্ধ্যকালীন প্রশিক্ষণ কর্মসূচি আগামী ১লা সেপ্টেম্বর '৯৯ইং হইতে আরম্ভ হইবে। প্রতিদিন ৩ ঘন্টা হিসাবে সপ্তাহে ৫ (পাঁচ) দিন (রবিবার হইতে বৃহস্পতিবার) এই কোর্স চলিবে।

উল্লেখিত কোর্সে শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাস, বয়সসীমা ১৪ হইতে ২০ বছর। বিভিন্ন শিল্প/ব্যবসায়িক প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের বয়সসীমা শিথিলযোগ্য। কোর্সের প্রয়োজন অনুযায়ী 'প্রবণতা (APTITUDE) এবং ভর্তি পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হইবে। সফল প্রশিক্ষণ সমাপ্তির পর জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক সনদপত্র প্রদান করা হইবে। উক্ত কোর্সের আসন সংখ্যা ৩০ (ত্রিশ)। আগ্রহী প্রার্থীকে আগামী ২৮-৮-৯৯ইং তারিখের মধ্যে ভর্তির ফরম অত্র কেন্দ্রের হিসাব শাখা হইতে নির্ধারিত টাকার বিনিময়ে সংগ্রহপূর্বক ২ কপি সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি ও চারিত্রিক সনদপত্রসহ আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে উক্ত তারিখের মধ্যে জমা দিতে হইবে। আলাদাভাবে কোন রকম ইন্টারভিউ কার্ড ইস্যু করা হইবে না।

প্রশিক্ষণার্থীদের ভর্তি পরীক্ষা (মৌখিক ও কায়িক শ্রম) আগামী ২৯-৮-৯৯ইং তারিখ বিকাল ৩-০০ ঘটিকায় অনুষ্ঠিত হইবে। মনোনীত প্রার্থী/প্রার্থিনীকে আগামী ৩০-৮-৯৯ইং হইতে ৩১-৮-৯৯ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে এককালীন ৬৬৮/- (ছয়শত আটষট্টি) টাকা ফিস কেন্দ্রের হিসাব শাখায় প্রদান করিয়া ভর্তি হইতে হইবে। ইহা ছাড়া পরিচয়পত্র বাবদ আরো ১৫/- (পনের) টাকা গ্রহণ করা হইবে।

বিস্তারিত তথ্যের জন্য অত্র কেন্দ্রের প্রশিক্ষণ শাখায় যোগাযোগ করা যাইতে পারে।

নাজিম উদ্দিন আহমেদ
অধ্যক্ষ।
ফোন : ৬৮১১৮৩

ডিএফপি-১৭৩১৩-৯/৮/৯৯ (৭´´×২)
ডিস-১৮৬১/৯৯

---

দৈনিক ইত্তেফাক

AUG. 18 1999

### আহ্ছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

(সরকার কর্তৃক অনুমোদিত এবং ঢাকা আহ্ছানিয়া মিশন কর্তৃক স্থাপিত)

**কারিগরি এবং বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট**

২০, পশ্চিম তেজতুরী বাজার রোড, তেজগাঁও, ঢাকা-১২১৫।

## ভর্তি বিজ্ঞপ্তি - ১৯৯৯-২০০০

নিম্নলিখিত প্রোগ্রামসমূহে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| প্রোগ্রামের নাম | মেয়াদ | আসন |
|---|---|---|
| ১। ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং-আর্কিটেকচার টেকনোলজি | ৩ বছর | ৩০ |
| ২। ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং-সিভিল টেকনোলজি | ৩ বছর | ৪০ |
| ৩। ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং-কম্পিউটার টেকনোলজি | ৩ বছর | ১০০ |
| ৪। ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং-ইলেকট্রিক্যাল টেকনোলজি | ৩ বছর | ৩০ |
| ৫। ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং-ইলেকট্রনিক্স টেকনোলজি | ৩ বছর | ৪০ |

এস.এস.সি (বিজ্ঞান) এবং এস.এস.সি (ভোকেশনাল) ব্যতীত এস.এস.সি বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে পাসসহ গণিত অথবা উচ্চতর গণিতে ৪৫% নম্বর প্রাপ্ত ছাত্র/ছাত্রীরা দরখাস্ত করতে পারবে। এস.এস.সি (বিজ্ঞান) এবং এস.এস.সি (ভোকেশনাল) প্রার্থীর দ্বিতীয় বিভাগে পাস হলেই হবে। কম্পিউটার টেকনোলজিতে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীর প্রথম বিভাগে পাস হতে হবে।

২২শে আগস্ট, ১৯৯৯ হতে ভর্তি ফরম, প্রসপেক্টাস ও কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তির তথ্য বিবরণী ১৭০/= টাকা মূল্যে অফিস চলাকালীন সময় রেজিস্ট্রারের অফিসে পাওয়া যাবে। "আগে আসলে আগে ভর্তি" এই নীতিতে ভর্তি করা হবে। কোন টেকনোলজিতে আসন পূর্ণ হলে আর ভর্তি করা যাবে না। ভর্তির শেষ তারিখ ৩০/৯/১৯৯৯। ভর্তিকালে মোট টাঃ ১২,২১০/= ফি প্রদান করতে হবে। শুধুমাত্র ক্যাশ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণ করা হয়। ১৩ই নভেম্বর, ১৯৯৯ হতে নতুন সেশনের ক্লাশ আরম্ভ হবে এবং ক্লাশ অপরাহ্ন ২:৩০ মিঃ হতে রাত ৮:৩০ মিঃ পর্যন্ত অনুষ্ঠিত হবে। ছাত্র/ছাত্রীদিগকে কারিগরি শিক্ষা বোর্ড সনদপত্র প্রদান করবে।

**ফোন ঃ ৯১৩০৬১৩**
**৯১২০২৪৮**

**প্রফেসর ড. এম. এইচ. খান**
**উপাচার্য**

---

দৈনিক ইত্তেফাক

AUG. 22 1999

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
### মহিলা বিষয়ক অধিদপ্তর

কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র, ফোন ঃ ৪১১৪৪৩। ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড (৫ম তলা), ঢাকা।

স্মারন নং - মবিঅ/ঢাকা/কম্পিউ/৮/৬ তাং ঃ ১৯/৮/৯৯ইং

## বিষয় ঃ কম্পিউটার কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি।

মহিলা বিষয়ক অধিদপ্তর পরিচালিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রে কম্পিউটার প্রশিক্ষণ কোর্সে ২৩তম ব্যাচে ভর্তির জন্য শুধুমাত্র মহিলাদের নিকট হইতে দরখাস্থ আহবান করা যাইতেছে।

**কোর্সের বিস্তারিত বিবরণ ঃ**
**কম্পিউটার লিটারেসি কোর্স ঃ**

১। প্রশিক্ষণ বিষয় ঃ MS Word, MS Excel, Visual FoxPro and Windows95.
২। প্রশিক্ষণ মেয়াদ ঃ ৪ মাস (সেপ্ট / ৯৯ - ডিসে/৯৯)।
৩। ক্লাসের সময় ঃ সপ্তাহে ৫ দিন, তিন শিফটে (১ম শিফট সকাল ৯ঃ৩০ -১১ঃ৩০, ২য় শিফট বিকাল ১২ঃ০০-২০০, ৩য় শিফট বিকাল ২ঃ৩০-৪ঃ৩০)।
৪। আসন সংখ্যা ঃ ৯০ জন (প্রতি শিফটে ৩০ জন এবং এক কম্পিউটারে একজন)।
৫। প্রার্থীর যোগ্যতা ঃ কমপক্ষে এইচ এস সি পাশ হইতে হইবে।
৬। ভর্তি পি ঃ ৩০০০/= (তিন হাজার) টাকা।

**কোর্স শেষে Internet, E-mail এর ব্যবহার পদ্ধতি দেখানো হইবে।**

গত ১৮/০৮/৯৯ইং তারিখ হইতে ভর্তিং চলিতেছে। অফিস চলাকালীন সময় ১০/= (দশ) টাকার বিনিময়ে আবেদন পত্র পাওয়া যাইবে। তাহা যথাযথ পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত সনদপত্র সত্যায়িত কপি ও ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি) এবং ভর্তি ফি জমা সাপেক্ষে আগে আসিলে আগে পাইবেন ভিত্তিতে ভর্তি করা হইবে।

(ডঃ নিজামউদ্দিন আল-হোসাইনী)
অতিরিক্ত পরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। ফোন ঃ- ৪১১৪৪৩।